



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল info@nhrc.org.bd ওয়েব : www.nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৩৯/১৯-৬১৪০৩ তারিখ: ০৯/১০/২০১৯

বিষয়: 'মরে যাচ্ছি বলেও পানি পায়নি ৫ ফায়ার সার্ভিস কর্মী' সংক্রান্ত অভিযোগের তদন্ত।


গত ০৭ অক্টোবর ২০১৯ তারিখে অনলাইন নিউজ পোর্টাল BanglaNews24.com 'মরে যাচ্ছি বলেও পানি পায়নি ৫ ফায়ার সার্ভিস কর্মী' শিরোনামে প্রকাশিত সংবাদ প্রতিবেদনের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রতিবেদন মতে, গত ০৬ অক্টোবর নেত্রকোনার কলমাকান্দা উপজেলায় ফায়ার সার্ভিসের সাপ্তাহিক পাম্পড্রিল হচ্ছিল যেখানে ১০ জন ফায়ারম্যান অংশ নেন। পাম্পড্রিলের একপর্যায়ে ফায়ারম্যানরা হাপিয়ে উঠে ঠিকমত নিঃশাসও নিতে পারছিলেন না, এটা জানানোর পরও আবার পাম্পড্রিলের নির্দেশ দেওয়া হয়। বারবার পানি পানি বলে চিৎকার করলেও একফোটা পানি দেওয়া হয়নি বরং ইনচার্জ মোঃ মোশারফ হোসেন তাদের সাথে চরম দুর্ব্যবহার করে। পরবর্তীকালে তারা বমি করেও অচেতন হয়ে পড়ে এবং তারা কলমাকান্দা উপজেলা সাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নেন।

একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তাঁর অধস্তনের প্রতি এমন অভিযোগ উদ্বেগজনক।

০২। অভিযোগ সংক্রান্ত বিষয়ে অনুসন্ধানপূর্বক আগামী ২৪/১০/২০১৯ তারিখের মধ্যে কমিশনে একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল। এই সঞ্চে পত্রিকায় প্রকাশিত সংবাদের ছায়ালিপি প্রেরণ করা হল।

সংযুক্ত: ০১ পাতা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা
কলমাকান্দা, নেত্রকোনা


(আল-মাহমুদ ফায়জুল কবীর)
পরিচালক (অভিযোগ ও তদন্ত)
(জেলা ও দায়রা জজ)
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)

অনুলিপি:

জেলা প্রশাসক, নেত্রকোনা।